

নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/৬৪

তারিখ: ১১/০৩/২০২৬ খ্রি.

**উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা- ২০২৬ এর ১০০/- বিলম্ব ফিসহ ফরম পূরণের বিজ্ঞপ্তি:**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা- ২০২৬ এর পরীক্ষার্থীদের ১০০/- বিলম্ব ফিসহ ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে।

শাখা	তারিখ	সময়
বিজ্ঞান শাখা	১৫/০৩/২০২৬ থেকে ২৯/০৩/২০২৬ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.৩০ মিনিট
মানবিক শাখা		হইতে দুপুর ২.০০ টা পর্যন্ত
ব্যবসায় শিক্ষা শাখা		(সরকারি ছুটির দিন ব্যতিত)

**ফিসের তালিকা:**

**মানবিক/ব্যবসায় শিক্ষা**

পরীক্ষার্থীর প্রকৃতি	নিয়মিত	অনিয়মিত	অকৃতকার্য	জিপিএ উন্নয়ন	প্রাইভেট
টাকার পরিমাণ	২৫৯০/-	২৬৯০/-	২৫৪০/-	২৬৯০/-	৩০৮৫/-

**বিজ্ঞান**

পরীক্ষার্থীর প্রকৃতি	নিয়মিত	অনিয়মিত	অকৃতকার্য	জিপিএ উন্নয়ন
টাকার পরিমাণ	৩১৫০/-	৩২৫০/-	৩১০০/-	৩২৫০/-

**রেফার্ড (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা)**

পরীক্ষার্থীর প্রকৃতি	১ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ছাড়া)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ছাড়া)	১ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিকসহ)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ১টা)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ২টা)	শুধুমাত্র আইসিটি
টাকার পরিমাণ	১৩৪৫/-	১৫৯৫/-	১৫২৫/-	১৭৭৫/-	১৯৫৫/-	১৩১০/-

**অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:**

০১। [www.debendracollege.gov.bd](http://www.debendracollege.gov.bd) থেকে আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণ করতে হবে।

০২। ডাউনলোডকৃত ফরম পূরণ করার পর নিয়মিত পরীক্ষার্থীরা রকেট/বিকাশ/নগদ/উপায়- এর মাধ্যমে ফরম পূরণের ফিস জমা দিবে। ফরম পূরণের ফিসে গড়মিল থাকলে কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১১০৭) যোগাযোগ করবে।

০৩। অনিয়মিত/অকৃতকার্য/জিপিএ উন্নয়ন/প্রাইভেট/রেফার্ড পরীক্ষার্থীরা ফরম পূরণের ফিস জমা দানের পূর্বে আইসিটি বিভাগ (কক্ষ নং- ১১০৭) হতে এন্ট্রি করে নিতে হবে।

মোবাইল ব্যাংকিং রকেট/বিকাশ/নগদ/উপায়- এর মাধ্যমে ফরম পূরণের ফি জমাদানের পদ্ধতি:

রকেট/উপায়/বিকাশ/নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর তাদের ক্লাশ রোল নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

রকেট/বিকাশ/ নগদ/উপায়- এর মাধ্যমে ফরম পূরণের ফি প্রদানের পর শিক্ষার্থীরা [debendracollege.eshiksabd.com](http://debendracollege.eshiksabd.com) এ গিয়ে Login to EMS এ User Name: debendrastudent, Password: debendrastudent দিয়ে Log In করে Receipts print বাটনে ক্লিক করে Student Fee payment Receipts এর ঘরে রোল নম্বর দিয়ে Show payment List এ ক্লিক করলে টাকা জমার রশিদ প্রদর্শিত হবে। উক্ত রশিদ প্রিন্ট করে নিতে হবে।

অনলাইনে ফরম পূরণের ফি জমাদানের পর শিক্ষার্থীদের করণীয়:

০১। পূরণকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণ করে কমিটির নিকট (রসায়ন বিভাগের বারান্দা ও কলেজ লাইব্রেরী) থেকে যাচাই পূর্বক কলেজের হিসাব শাখায় অবশ্যই জমা দিতে হবে।

০১। রেজি: কার্ডের ফটোকপি ০১টি।

০২। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ফটোকপি ০২টি।

০৩। রেফার্ড/অকৃতকার্য/জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের প্রবেশ পত্রের ফটোকপি ০১টি।

০৪। রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল নম্বর, বিভাগ, ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি হিসাব শাখা হইতে স্বাক্ষর ও সীল দিয়ে শিক্ষার্থী সংরক্ষণ করবে।

প্রতিষ্ঠানস্বাক্ষর  
১০/৩/২০২৬

সরকারি দেবেন্দ্র কলেজ  
মানিকগঞ্জ।

আইসিটি  
১০/৩/২০২৬

উচ্চ মাধ্যমিক পরীক্ষা ফরম পূরণ কমিটি/২০২৬  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।